

বরগুনায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির গম বিতরণে দুর্নীতি

বরগুনা থেকে চিত্তরঞ্জন শীল : বরগুনায় ২৬টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির গম বিতরণে ব্যাপক দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। গত এপ্রিল-জুন মাসের গম বিতরণের দায়িত্বপ্রাপ্ত ডিলার ও কতিপয় শিক্ষক সরবরাহে ঘাটতি দেখিয়ে দুর্নীতির আশ্রয় নেয়।

বরগুনা সদর উপজেলার ৯ নং এম বানিয়াতলী ইউনিয়নের ২৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২ হাজার ১শ' ছাত্রছাত্রীর মধ্যে মাসে ১০ কেজি গম বরাদ্দ করার কথা। সেমতে, এপ্রিল, মে ও জুন মাসের ১৫ দিন ধরে নির্ধারিত ছাত্রপ্রতি ২৫ কেজি গম পাওয়ার কথা থাকলেও ১২ থেকে ১৮ কেজি গম বিতরণ করা হয়েছে। এর মধ্যে ইউনিয়নের চরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের ১২ কেজি, পাতা কাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৮

কেজি, বাইন সোমত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের ১৮ কেজি— এভাবে প্রতিটি বিদ্যালয়ে বিতরণ করা হয়।

বরগুনা সদর উপজেলা শিক্ষা অফিসে যোগাযোগ করে জানা গেছে, উল্লিখিত আড়াই মাসে ৫ হাজার ৯১টি কার্ডের আওতায় ৪৯ হাজার ৯শ' ৭০ কেজি গম বরাদ্দ করা হয়। বরাদ্দের ব্যাপারে নানা বিষয় বিবেচনা করে কোন কোন ছাত্রছাত্রীকে গম বরাদ্দ থেকে বাদ দিলেও নির্ধারিত ছাত্র-ছাত্রীদের মাসে বরাদ্দ ১০ কেজি পরিমাণ অপরিবর্তিত থাকে; কিন্তু স্থানীয় ডিলার আ. হাই এলাকার কতিপয় শিক্ষকদের সহায়তায় ছাত্রপ্রতি ২৫ কেজি গমের স্থলে ১২-১৮ কেজি গম প্রদান করে বাকি গম আত্মসাৎ করে বলে এলাকার অভিভাবকরা জানান। অভিভাবকরা কেউ কেউ খান শিক্কা অফিসে অভিযোগ করলেও এ ব্যাপারে কোন তদন্ত হয়নি।